জীবননগর উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট ঘোষণা

জীবননগর উপজেলা পরিষদেও ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট ২ কোটি ৩০ লক্ষ ৪ হাজার ৬৪৯ টাকা এবং উন্নয়ন বাজেট ৩ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার টাকার বাজেট ঘোষণা করা হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমানের সভাপতিত্বে উন্মুক্ত বাজেট ঘোষণায় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, নব-নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান রেনুকা আক্তার রিতা, সমাজ সেবক কাজী বদরুদ্দোজা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু, আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান মির্জা লিটন, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা প্রমুখ।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের ২০২৪-২৫ অর্থবছরে নতুন কর আরোপ ছাড়াই ১ কোটি ৪ লাখ ১ হাজার ৯’শ ৩৬ টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিলটন এ বাজেট ঘোষণা করেন।

উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি সচিব প্রতাপ আদিত্য বিশ্বাস, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, নারী ইউপি সদস্য রেশমা খাতুন, নাসিমা খাতুন, মৌসুমী মন্ডল, ইউপি সদস্য জাহিদুল ইসলাম দুলু, ফিরোজ আলী, রুহুল আমিন, আবুজার মোল্লা, আশরাফুল ইসলাম, কটন বিশ্বাস, অশোক কুমার বিশ্বাস, উত্তম বিশ্বাস, প্রতাপ বিশ্বাস, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর রেক্রোনা খাতুন সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর বামন্দী ইউপিতে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় ইউনিয়ন পরিষদের সভাকক্ষে বাজেট ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি ও ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল।

উন্নয়ন মুলক কাজের আয়-ব্যয় ধরে বাজেট প্রনয়ন হয়েছে ১,৬৮,৫৩,৪৯০(এক কোটি আটষট্টি লক্ষ তিপ্পান্ন হাজার চারশত নব্বই টাকা)

এই বাজেটে নলকূপ, কাচা রাস্তা উন্নয়ন,সাহায্য, জন্ম নিবন্ধন, বৃক্ষরোপণ, স্বাস্থ্যখাত, ব্যবসা-বাণিজ্য, ক্রীড়া, আপ্যায়ন ইত্যাদির উপর ধার্য করা হয়েছে।

সভায় সভাপতি বলেন, জনগণের সেবা করা জন্য সেবক হিসেবে ৫ বছেরর জন্য দায়িত্ব নিয়েছি। জনগনের নিকট সেবা পৌছে দেওয়া আমার যেমন দায়িত্ব তেমনি এ দেশের নাগরিক হিসেবে ইউনিয়ন পরিষদের সকল উন্নয়ন মুলক কাজে সহযোগিতা করা আপনাদেরও দায়িত্ব ও কর্তব্য।তাই আপনাদের

সহযোগিতা পেলে বামন্দী ইউনিয়নকে একটি সুখী ও সমৃদ্ধ ইউনিয়ন হিসেবে গড়ে তোলার চেষ্টা করবো।

এসময় আওয়ামী লীগ নেতা মোশাররফ হোসেন, আবুল বাশার, ইউপি সচিব মো: মনিরুল ইসলাম, সকল ইউপি সদস্য সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের কালীচরণপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের ২০২৪-২৫ অর্থবছরে নতুন কর আরোপ ছাড়াই ৯৬ লাখ ৬০ হাজার ৬৯৪ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বুধবার (২৯ মে) দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে এক বাজেট সভায় এ বাজেট ঘোষণা করেন।

উন্মুক্ত বাজেট ঘোষণা করেণ ইউপি সচিব মোঃ আমিনুর রহমান।

এসময় ১৫ নং কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মোদাচ্ছের হোসেন, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামসুল আলম, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, সংরক্ষিত ইউপি সদস্য রেশমা খাতুন, ইউপি সদস্য শরিফ উদ্দীন, শামছুল ইসলাম, আব্দুল মজিদ, সাইফুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউপিতে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার (২৮ মে) সকাল ১১ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের বিশেষ এ সভায় গৃহীত ২০২৪-২৫ অর্থবছরের চুড়ান্ত প্রস্তাব,আলোচনা ও সিন্ধান্ত গ্রহন করেন।

এ সভায় ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ, সহকারী সচিব আসলাম হোসেন, ১নং ওয়ার্ড কাথুলী ইউ পি সদস্য বাবুল হোসেন,২ নং ওয়ার্ড গাড়াবাড়ীয়া ইউ পি সদস্য জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ড সহগলপুর ইউ পি সদস্য আশরাফুল ইসলাম, ৪ নং ওয়ার্ড রামকৃষ্ণ পুর ধলা ইউপি সদস্য আনারুল ইসলাম, ৫ নম্বর ওয়ার্ড রাধাগোবিন্দপুর ধলা ইউপি সদস্য ফারুক হোসেন, ৬ নম্বর ওয়ার্ড খাসমহল ইউপি সদস্য হুসাইন মোহাম্মদ, ৭নম্বর ওয়ার্ড লক্ষীনারায়নপুর ধলা ইউপি সদস্য আজমাইন হোসেন, ৮ নম্বর ওয়ার্ড মাইলমারী ইউপি সদস্য কাবের আলী, ৯ নম্বর ওয়ার্ড নওপাড়া ইউপি সদস্য আনারুল ইসলাম সহ সুশীল সমাজ, গন্যমান্য ব্যাক্তিবর্গ, শিক্ষকসহ বিভিন্ন পেশা পেশাজীবি মানুষ উপস্থিত ছিলেন।

এ সময় ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ ২০২৪-২৫ বাজেট ঘোষনায় সকলের উপস্থিতে জানান ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন মুলক কাজের আয়ব্যায় ধরে একবছরের বাজেট প্রনয়ন হয়েছে ১,৫০,৯৭,৫০০(এক কোটি পঞ্চাশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত টাকা মাত্র) আইন-২০০৯ এর ভিত্তিতে অত্র ইউনিয়ন রেইট,ট্যাক্স, টোল, ব্যবসা-বাণিজ্য, সিনেমা নাটক ইত্যাদি প্রমোদ মূলক অনুষ্ঠানমালা ট্রেড লাইসেন্স পারমিট ইত্যাদির উপর ধার্য করা হয়েছে।

পরিশেষে সভার সভাপতি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা সকলের উদ্দেশ্য জানান, আমি সহ আমার মেম্বার বৃন্দ সকলে আপনাদের সেবক হিসেবে ৫ বছরের জন্য দায়িত্ব নিয়েছি। আপনাদের সঠিক মাত্রায় সেবা পৌছে দেওয়া আমাদের যেমন দায়িত্ব তেমনি এ

দেশের নাগরিক হিসেবে ইউনিয়ন পরিষদের সকল উন্নয়ন মুলক কাজে সহযোগিতা করা আপনাদের দায়িত্ব কর্তব্য। তাই আপনাদের কাছে আমার অনুরোধ থাকবে আগামী দিনের ইউনিয়ন পরিষদের সকল প্রকার কাজে আমাদের সহযোগিতা করে আমাদের পাশে থাকবেন বলেই সভার সমাপ্তি ঘোষনা করেন।

দর্শনা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

পারকৃরষ্ণপুর-মদনা ইউনিয়নে ২০২৪-২৫ অর্থ বছরে উন্মুক্ত বাজেট পেশ করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টায় ইউনিয়ন হল রুমে বাজেট পেশ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান আঃ রহমান।

১ কোটি ২৫ লক্ষ ৪৩ হাজার ৫৩০ টকার বাজেট পেশ করেন হিসাব সহকারী সাজিবুল ইসলাম।এ সময় উপস্থিত ছিলেন, ইউপি সদস্য আশিক ইকবাল চন্ঝল, খায়রুল বাশার, আবু সাঈদ, হযরত আলী, সাইফুল ইসলাম, রিজিয়া খাতুন, নিলুফা ইয়ামিন, নাসরিন সুলতানা পারুল প্রমুখ।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৪-২৫ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার বিকাল ৩ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই উন্মুক্ত বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন।

২০২৪-২৫ অর্থ বছরে উন্মুক্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া

অনুযায়ী ২৪-২৫ইং অর্থ বছরে ১কোটি ৮৬ লক্ষ ৪৪ হাজার ৯শত ৩১ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন।

কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নে ২০২৩/২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার বিকেলে পরিষদ মিলনায়তনে এ বাজেট ঘোষণা করেন চেয়ারম্যান আব্দুল মান্নান ।

এ সময় উপস্থিত ছিলেন, সাবদারপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য আবু সাঈদ, ২ নম্বরের অমেদুল ইসলাম, ৩ নম্বর ফকির মোহাম্মদ, ৪ নম্বর-আতিয়ার রহমান, ৫ নম্বর-ওসমান গনি, ৬ নম্বর-মেহেদি হাসান, ৭ নম্বর- জুল হক আলী, ৮ নম্বর- আলিম রেজা, ৯ নম্বর আক্তারুজ্জামান, মহিলা ইউপি সদস্য কহিনুর বেগম, ফাতেমা খাতুন, ফিরোজা খাতুন।

এ ছাড়া উপস্থিত ছিলেন, পরিষদের সচিব নাসরিন খাতুন, হিসাব সহকারি জুই নন্দী, উদোক্তা বিকাশ কুমার, হামিদা খাতুন।
পরে ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান ২০২৩/২৪ অর্থ বছরের ১ কোটি ২৮ লাখ ৬৬ হাজার ২শ টাকার বাজেট ঘোষণা করেন।
এ বছর বাজেটে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীন অবকাঠামো উন্নয়নকে গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

[redacted]

[redacted]